



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.১১.০০০০.১১৪.৭৭.০০০.১৯/৮৮৩

তারিখঃ ২৪/০২/২০১৯

অফিস আদেশ-৬৯৫

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (বিজিডিসিএল)-এর কর্মকর্তা ও কর্মচারিগণের যথাসময়ে কর্মস্থলে আগমন ও অবস্থান নিশ্চিতকরণের বিষয়ে ইতোপূর্বে একাধিকবার অফিস আদেশ জারি করা হলেও লক্ষ্য করা যাচ্ছে যে, কিছুসংখ্যক কর্মকর্তা ও কর্মচারি নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকছেন না। এ ছাড়াও নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অবহিত না করেই কর্মস্থলে অনুপস্থিত থাকছেন- যা অফিস আচরণ শৃঙ্খলা পরিপন্থি।

২। এ পরিপ্রেক্ষিতে কোম্পানির সকল কর্মকর্তা/কর্মচারি-কে অফিস সময়সূচী অনুযায়ী কর্মস্থলে আগমন, নিজ নিজ কর্মক্ষেত্রে/কর্মস্থলে অবস্থান, কর্মক্ষেত্র/কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণ এবং ছুটি ভোগের নিয়মকানুন কঠোরভাবে পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। তদালোকে কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/স্থাপনা/শাখা প্রধানগণ তাদের অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারিদের নির্ধারিত সময়ে অফিসে আগমন ও উপস্থিতির বিষয়টি কঠোরভাবে মনিটরিং করবেন এবং প্রমাণক দাখিল করবেন।

৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে-এ আদেশ জারি করা হলো।

(এম, এ, হান্নান আজাদ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল, কুমিল্লা।
- ২। সকল ডিভিশন প্রধান, বিজিডিসিএল, কুমিল্লা।
- ৩। সকল ডিপার্টমেন্ট/স্থাপনা/ শাখা প্রধান.....।
- ৪। উপ-মহাব্যবস্থাপক (আইটি)-কে বিজিডিসিএল ওয়েবসাইট ও কোম্পানির ফেসবুক পেইজে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বিজিডিসিএল, কুমিল্লা।
- ৬। অফিস কপি।

উপ-মহাব্যবস্থাপক (আইটি) এর দপ্তর	
যখন নং ০২৭০	তারিখ ২৭.০২.২০১৯
প্রেরন নং.....	তারিখ.....
৩/২৪	
বাংলা	